দৈনিক ইনকিলাব

৮৭

তারিখ ... NOV 1 8 1999 ...
পৃষ্ঠা ...৩ কলাম ...৬...

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ৩ দিনের আন্তর্জাতিক গণিত সম্মেলন শুরু

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বাংলাদেশ গণিত সমিতির উদ্যোগে ৩ দিনব্যাপী দ্বাদশ আন্তর্জাতিক গণিত সম্মেলন গতকাল বুধবার সকালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ে গণিত ও ভৌতবিজ্ঞান গবেষণা কেন্দ্রে এই সম্মেলনের উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান। বাংলাদেশ গণিত সমিতির সভাপতি প্রফেসর সুব্রত মজুমদারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-ভিসি ডঃ আবু ইউসুফ, গণিত ও ভৌতবিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক প্রফেসর জামাল নজরুল ইসলাম, প্রফেসর মোসলেহ উদ্দিন আহমদ প্রমুখ বক্তব্য রাখেন। সম্মেলনে বিপুলসংখ্যক দেশী-বিদেশী গণিত বিশেষজ্ঞ অংশ নিচ্ছেন।

৬